



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

ফোনঃ
০২-৮১৮০১৪৪
ফ্যাক্সঃ
০২-৮১৮৯০২৯

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।


স্মারক নং-বিআরডিবি/ইরেসপো/৩৬/২০১২-৮১২

তারিখঃ ২২/০৫/২০১৩খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্প এর ঋণ নীতিমালা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত ঋণ নীতিমালা মোতাবেক বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবা মূল্য ১১% হতে পরিচালন ব্যয় খাতে ৫/১১ অংশ নির্ধারিত আছে। আদায়কৃত সেবা মূল্যের মধ্যে নির্ধারিত ৫% পরিচালন ব্যয় হতে নিম্নোক্ত খাতসমূহে ব্যয় নির্বাহ করা যাবে :

- ক) বার্ষিক সাধারণ সভার সর্বোচ্চ ব্যয়ের সিলিং ১০,০০০/- টাকা;
 - খ) কেন্দ্রীয় মহিলা সমবায় সমিতি লিঃ/উপজেলা অফিস দপ্তরের দাপ্তরিক (স্টেশনারীজ ও অন্যান্য) মাসিক ব্যয় সর্বোচ্চ ১০০০/- টাকা;
 - গ) কেন্দ্রীয় মহিলা সমবায় সমিতি লিঃ এর সভাপতির মাসিক সম্মানী ভাতা সর্বোচ্চ ৬০০/- টাকা;
 - ঘ) কার্যনির্বাহী কমিটির সদস্যদের বৈঠকি ভাতা জনপ্রতি সর্বোচ্চ ২০০/- টাকা হারে তবে আর্থিক বছরে ৬টির বেশী সভার ভাতা প্রদান করা যাবে না;
 - ঙ) কেন্দ্রীয় মহিলা সমবায় সমিতির হিসাব সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্নকরণের জন্য মাসিক সর্বোচ্চ ৫০০/- টাকা হারে ভাতা প্রদান করা যাবে। এক্ষেত্রে বিআরডিবি'র জুনিয়র অফিসার (হিসাব) দের অগ্রাধিকার দিতে হবে।
- ২। উপজেলা কেন্দ্রীয় মহিলা সমবায় সমিতি লিঃ/উপজেলা অফিস দপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য উল্লিখিত বিভাজন মোতাবেক ব্যয় করা যাবে। তবে উল্লিখিত খাত সমূহের ব্যয় বিবরণী (বাজেট) কেন্দ্রীয় মহিলা সমবায় সমিতি লিঃ এর বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হতে হবে। কোন অবস্থাতে চলতি অর্থ বছর ব্যতীত বকেয়া বা অগ্রিম হিসাবে উক্ত অর্থ ব্যয়/গ্রহণ করা যাবে না। প্রত্যেক অর্থ বছর শেষে অব্যয়িত সমুদয় অর্থ Sustainable Fund হিসেবে এফডিআর আকারে ব্যাংকে জমা রাখতে হবে। কেবলমাত্র সেবা মূল্যের পরিচালন ব্যয় খাতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে উল্লিখিত ব্যয় নির্বাহ করা যাবে।
- ৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।


প্রকাশী মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপ পরিচালক, বিআরডিবি, জেলা :
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা :....., জেলাঃ
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা :....., জেলাঃ
৪. মাঠ সংগঠক (ইরেসপো), উপজেলা :....., জেলাঃ
৫. পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা।
৮. সংশ্লিষ্ট নথি।